

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ আগস্ট ২০২২ খ্রি.

চান্দগাঁও আবাসিক এলাকা কল্যাণ সমিতির নেতৃবৃন্দের সাক্ষাৎকালে মেয়র গৃহকর নিয়ে বিভ্রান্ত হবার অবকাশ নেই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সারা বাংলাদেশের আনাচে-কানাচে যে উন্নয়ন সংগঠিত হচ্ছে তার সাথে চট্টগ্রাম নগরীকে সম্পৃক্ত করে চট্টগ্রামের অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে। চট্টগ্রাম হচ্ছে বাংলাদেশের অর্থনীতির হাব। বর্তমান সরকার কর্তৃক কর্ণফুলী নদীর তলদেশে টানেল, মিরসরাই বিশেষ অর্থনৈতিক অঞ্চল নির্মাণসহ যে সকল মেগা প্রকল্প বাস্তবায়ন করছে তা সম্পন্ন হলে চট্টগ্রাম নগরী হবে দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যতম সমৃদ্ধ নগরী। তিনি এই নগরীকে নান্দনিক ও স্মার্ট সিটি হিসেবে গড়ে তুলতে নগরবাসীর সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করেন। মেয়র গৃহকর প্রসঙ্গে বলেন, নগরবাসীর উপর কোন ধরনের বাড়তি করের বোঝা চাপিয়ে দেয়ার প্রশ্নই আসে না। শুধুমাত্র আগের স্থাপনা সমূহের বর্ধিত অংশের এবং নতুন স্থাপনা নির্মাণ করা হলে সেক্ষেত্রে নতুন কর ধার্য করা হবে। তিনি এ প্রসঙ্গে আরো বলেন, ২০০৯ সালে কর মূল্যায়নের উপর এতদিন যাবৎ করদাতারা কর দিয়েছেন। সরকারি নির্দেশনা অনুযায়ী ২০১৭ সালের পৌরকর মূল্যায়নের উপর কর আদায়ের জন্য চসিকের বাধ্যবাধকতা রয়েছে। তিনি এই মূল্যায়নে কোনো অসঙ্গতি থাকলে পূর্বের বকেয়া পরিশোধপূর্বক আপিলের মাধ্যমে নিষ্পত্তি করার আহ্বান জানান। মেয়র জানান যে, নগরবাসী আপিল ফরম অনলাইনে, সার্কেল অফিস, ওয়ার্ড অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে আপিল করতে পারবেন। চান্দগাঁও আবাসিক এলাকা কল্যাণ সমিতির নেতৃবৃন্দ আজ সকালে সিটি মেয়রের সাথে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎকালে তিনি এই কথা বলেন।

এ সময় উপস্থিত ছিলেন-চান্দগাঁও আবাসিক কল্যাণ সমিতির সভাপতি অ্যাডভোকেট জিয়াউদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মোঃ ইসমাইল, সহ-সভাপতি ইঞ্জিনিয়ার আবদুল কাদের, আলাউদ্দিন ইউসুফ, তৌফিক হোসেন, আরু জাফর, আরু বক্কর চৌধুরী, নিজাম উদ্দিন আহমেদ।

কল্যাণ সমিতির নেতৃবৃন্দের আবেদনের প্রেক্ষিতে ৯নং রোডে ভাঙ্গা রাস্তায় প্যাঁচওয়াক কাজ, সমিতির অর্থায়নে দুটি যাত্রী ছাউনি নির্মাণের অনুমতি, নালাসমূহ থেকে মাটি উত্তোলন, কালবার্ড উঁচুকরণ, ১ ও ২ নং রোডের সংস্কার এবং এলইডি বাতি স্থাপনের বিষয়ে আশ্বাস প্রদান করেন।

মেয়র সমিতির নেতৃবৃন্দকে গৃহকর নিয়ে একটি মহল বিভ্রান্তি ছড়ানোর যে অপচেষ্টায় লিপ্ত রয়েছে তাদের সম্পর্কে নগরবাসীকে সচেতন করার ব্যাপারে ভূমিকা রাখার আহ্বান জানান।

সমিতির সভাপতি অ্যাডভোকেট জিয়াউদ্দিন আহমেদ মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রতিমন্ত্রীর মর্যাদা প্রাপ্তিতে অভিনন্দন জানান। তিনি নগরীর উন্নয়নে মেয়রের হাতকে শক্তিশালী করতে যথাযথ ভূমিকা পালন করবে বলে অভিব্যক্তি প্রকাশ করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত অভিযানে ১৩ ব্যক্তিকে ৬৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে চট্টগ্রাম মেডিকেলের সামনে সড়কের ফুটপাথ দখল করে নির্মাণ সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে পপুলার ডায়াগনস্টিক সেন্টার লিমিটেডকে ৩০ হাজার টাকা ও দোকানের সামনের অংশ বর্ধিত করে ফুটপাথ দখল করায় এবং ফুটপাথে ময়লা ফেলার দায়ে অপর ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৯ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে মাংস বিহীন দিবসে মহানগর এলাকায় মাংস বিক্রির অপরাধে সদরঘাট রোডে ৩ দোকান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও চসিকের ভারপ্রাপ্ত প্রধান পরিচালক কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর এক অভিযানে নগরীর বহুদারহাট এলাকা ও বাদুরতলা, কাপাসগোলা, তেলিপট্টি সড়কের উভয় পার্শ্বের ফুটপাথ ও রাস্তার অংশ দখল করে দোকানের মালামাল ও নির্মাণ সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ০৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং একই সাথে ফুটপাথ ও রাস্তার অংশ অবৈধ দখলমুক্ত করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩